



বাংলাদেশ কম্পিউটার সোসাইটি

BANGLADESH COMPUTER SOCIETY

An organization of Computer Professionals established in 1979

Under Registration No. S 1638(53)/95

তারিখ: ২৩ নভেম্বর ২০২৫ ইং

নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার সোসাইটি (বিসিএস) প্রতিবছর সংবিধি ও প্রযোজ্য নীতিমালার আলোকে বার্ষিক নিরীক্ষা সম্পাদন করে থাকে। সোসাইটির কার্যক্রমে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও আর্থিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে বিসিএস একটি অনুমোদিত অডিট ফার্ম প্যানেল প্রণয়ন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উক্ত অডিট ফার্ম প্যানেল অনুমোদনের বিষয়টি বাংলাদেশ কম্পিউটার সোসাইটির আসন্ন বার্ষিক সাধারণ সভা (AGM)-তে উপস্থাপন করা হবে। AGM-এর অনুমোদন প্রাপ্তির পর নির্বাচিত অডিট ফার্মসমূহ বিসিএস-এর অফিসিয়াল প্যানেলে অন্তর্ভুক্ত থাকবে এবং নির্ধারিত নীতিমালা অনুযায়ী পর্যায়ক্রমে নিরীক্ষা কার্য সম্পাদনের জন্য বিবেচিত হবে।

আগ্রহী অডিট ফার্মসমূহকে তাদের প্রতিষ্ঠানের প্রোফাইল, ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট নিবন্ধন সনদ এবং সংশ্লিষ্ট অভিজ্ঞতার নথিপত্র আগামী ১০ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে বিসিএস সেক্রেটারিয়েটে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

এলিন ববী
সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ কম্পিউটার সোসাইটি।